



স্মারক নং- ২৭.১২.৭৯৮০.৫২১.০২.০০৮.২৩. ২০২৩


তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

“ আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি ”

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির পিরোজপুর জেলাধীন সকল উপজেলার মামলা-মোকদ্দমা পরিচালনা এবং অত্র পল্লী বিদ্যুৎ সমিতির বিভিন্ন আইন সংক্রান্ত পরামর্শ প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী পুরন স্বাপেক্ষে ০১ (এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।


শর্তাবলী:

- ১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। জেলা/উপজেলা/সহকারী জজকোর্ট-এ কম পক্ষে ০৮ (আট) বৎসর আইন ব্যবসায় নিয়োজিত থাকার অভিজ্ঞতা থাকতে হবে। অবসরপ্রাপ্ত বিচার কর্মকর্তা যারা পিরোজপুর জেলা বা উপজেলায় আইন ব্যবসায় নিয়োজিত আছেন তারাও আবেদন করতে পারবেন।
- ৩। মনোনীত আইন উপদেষ্টাকে ০৩ (তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হবে।
- ৪। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী মাসিক সম্মানি ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হবে এবং মামলা মোকদ্দমা পরিচালনার জন্য বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার/ পবিস নির্দেশিকা ৩০০-৫০ ANNEX ure-A অনুযায়ী নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ৫। অত্র পল্লী বিদ্যুৎ সমিতি ব্যতীত অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে কর্মরত আছেন এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৬। নিয়োগ লাভের পর অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সহিত ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং ন্যূনতম ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করে উভয় পক্ষই চুক্তি বাতিল করতে পারবেন।
- ৭। প্রার্থীদের নিম্নবর্ণিত তথ্যাদিসহ স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) (খ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (গ) পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (ঘ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত অনুলিপি (ঙ) গ্র্যাডভোকেট হিসাবে এনরোলমেন্টের সত্যায়িত অনুলিপি (চ) আইন ব্যবসায়ের সময়কাল:- ১। জেলা/উপজেলা জজ কোর্ট ২। সুপ্রীমকোর্টের হাইকোর্ট/আপীল বিভাগ (ছ) আইন উপদেষ্টা হিসাবে অতীত অভিজ্ঞতা (জ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত অন্যান্য কোন প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা/প্যানেল আইন উপদেষ্টা হিসাবে কর্মরত থাকলে তার বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৮। আগ্রহী প্রার্থীগনকে আগামী ১৪/১২/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন পত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণ করা হবেনা।


২৫-১১-২৩
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ সদয় অবগতি ও বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ।

- ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ৩। পুলিশ সুপার, পিরোজপুর।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পিরোজপুর সদর/কাউখালী/ভাভারিয়া/ইন্দুরকানি/মঠবাড়িয়া/নাজিরপুর/নেছরাবাদ উপজেলা, পিরোজপুর।
- ৫। সভাপতি, আইনজীবী সমিতি, পিরোজপুর জেলা।
- ৬। অফিস/মাষ্টার কপি।


২৫-১১-২৩
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার।